উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২৪-৫৮

তারিখঃ ২৩ডিসেম্বর '২০২৪খ্রিঃ।

নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাঘারপাড়া উপজেলা পরিষদের ডিসেম্বর'-২০২৪ মাসের মাসিক সাধারণ সভা জনাব শোভন সরকার, প্রশাসক, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোরের সভাপতিত্বে আগামী ২৬ ডিসেম্বর '২০২৪ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার বেলা ১০.৩০ টায় উপজেলা পরিষদ নতুন সভাকক্ষে অনুষ্ঠিত হবে ।

সংশ্লিষ্ট সকলকে সভার ০৩(তিন) কার্যদিবস পূর্বে **কার্যপত্রের হার্ডকপি প্রদান ও সফটকপি নিকস ফন্টে** cobagherpara@gmail.com **প্রেরণ নিশ্চিত করণ** এবং নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।

আলোচ্যসূচীঃ

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ।
২. বিগত সভার গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা ।
৩. ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প সম্পর্কিত পর্যালোচনা ।
৪. আর্থিক বিভিন্ন বিষয়াদি সম্পর্কিত আলোচনা ।
৫. অপারেশনাল (ন্যাস্তকৃত বিষয়াবলি/ন্যাস্তকৃত ও প্রেষণে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী সংক্রান্ত বিষয়াদি)
৬. সমন্বয় (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম) ।
৭. বিবিধ।

২৩/১২/২৪

শোভন সরকার
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, বাঘারপাড়া,যশোর
ফোন নং ০৪২২৩-৬৫০২২
ই-মেইল: unobagherpara@mopa.gov.bd.

বিতরণঃ

১। প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর ।
২। উপজেলা ---------------------------------------কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
৩। চেয়ারম্যান, জহুরপুর/বন্দবিলা/রায়পুর/নারিকেলবাড়িয়া/ধলগ্রাম/দোহাকুলা/দরাজহাট/বাসুয়াড়ী/জামদিয়া ইউপি, বাঘারপাড়া, যশোর ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। জেলা প্রশাসক,যশোর।

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর ।

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২- ৫৮ **তারিখঃ** ২৩/১২/২০২৪

ক্রমিক নম্বর	পদবী	প্রাপ্তি স্বীকার
১	উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা	২৪/১২/২৪
২	উপজেলা কৃষি কর্মকর্তা	
৩	উপজেলা প্রকৌশলী	২৪/১২/২৪
৪	উপজেলা মৎস্য কর্মকর্তা	
৫	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	
৬	উপজেলা মহিলা বিষায়ক কর্মকর্তা	২৪/১২/২৪
৭	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	২৪/১২/২৪
৮	উপজেলা সমবায় কর্মকর্তা	২৪/১২/২৪
৯	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	২৪/১২/২৪
১০	উপজেলা সমাজসেবা কর্মকর্তা	
১১	উপজেলা প:প: কর্মাকর্তা	Rahima 24.12.24
১২	উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা	২৪/১২/২৪
১৩	উপজেলা শিক্ষা কর্মকর্তা	২৪/১২/২৪
১৪	ফরেষ্টার, সামাজিক বনায়ন	২৪/১২/২৪
১৫	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	২৪/১২/২৪
১৬	উপ-সহকারী প্রকৌশলী,(জনস্বাস্থ্য)	24.12.24

উপজেলা পরিষদ

বাঘারপাড়া,যশোর ।

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২--৮৮ তারিখঃ ২৩/১২/২০২৪

ক্রমিক নম্বর	পদবী	প্রাপ্তি স্বীকার
১	প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা	২৩/১২/২৪
২	চেয়ারম্যান, জহুরপুর ইউপি	২৩/১২/২৪
৩	চেয়ারম্যান , বন্দবিলা ইউপি	২৩/১২/২৪
৪	চেয়ারম্যান ,বায়পুর ইউপি	২৩/১২/২৪
৫	চেয়ারম্যান ,নারিকেলবাড়ীয়া ইউপি	২৩/১২/২৪
৬	চেয়ারম্যান ,ধলগ্রাম ইউপি	
৭	চেয়ারম্যান,দোহাকুলা ইউপি	২৩/১২/২০২৪
৮	চেয়ারম্যান ,দরাজহাট ইউপি	২৩/১২/২৪
৯	চেয়ারম্যান ,বাসুয়াড়ী ইউপি	২৩/১২/২৪
১০	চেয়ারম্যান, জামদিয়া ইউপি	

উপজেলা পরিষদের ডিসেম্বর/২৪ মাসের মাসিক
সাধারণ সভার উপস্থিতি।

সভাপতি: জনাব মোজেন সরকার।
প্রশাসক উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া, যশোর।

স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ

তাং ও সময় : ২৬-১২-২০২৪ বেলা ১০:৩০ ঘটিকা।

সভায় উপস্থিত জনপ্রতিনিধী গনের স্বাক্ষর :

১। প্রশাসক, পৌরসভা বাঘারপাড়া, যশোর — [signature]

২। চেয়ারম্যান জহুরপুর ইউ.পি — [signature]

৩। " বন্দবিলা " " — [signature] ২৬/১২/২৪।

৪। " রায়পুর " " — [signature] ২৪

৫। " নারিকেলবাড়ীয়া " " —

৬। " ধলগ্রাম " " — [signature] ২৬/১২/২০২৪

৭। " দোহাকুলা " " — [signature] ২৬/১২/২৪

৮। " দরাজহাট " " — [signature]

৯। " বাসুয়াড়ী " " — [signature]

১০। " জামদিয়া " " — [signature] 26/12/2024

সভায় উপস্থিত বিভাগীয় প্রধানগনের স্বাক্ষর: উপস্থিত ক্রমানুসারে

১। মোঃ আব্দুল আলিম, চেয়ারম্যান, বাবেরপাড়া - [signature]

২। মো: আশিকুজ্জামান- মাধ্যমিক শিক্ষা অফিস — [signature]

৩। মো: আবু ..., উপজেলা প্রকৌশলী, বাঘারপাড়া [signature]

৪। বিবেকানন্দ রায়, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া [signature]

৫। ... আহমেদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা — [signature]

৬। মো: আবু হানিফ, SAE, DPHE [signature]

৭। মো. ... , USSO [signature]

৮। সালমা খাতুন - UWAO [signature]

৯। ইসরাত ... পারভীন _ UEO [signature]

১০। Dr. S. M. Mostofa Qaiyoom - UHFPO [signature]

১১। আইয়েশা নাসরিন ... - [signature] ২৫/১১/১৮

১২। মো: আব্দুল কুদ্দুস (...) U.F. ... S.F. PC [signature] 25/11/18

১৩। শাহিদা পারভীন, সমবায় অফিসার [signature]

১৪। ডা. মামুনুর রশিদ, উপজেলা প্রাণিসম্পদ অফিসার [signature]

বাঘারপাড়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	:	শোভন সরকার প্রশাসক, উপজেলা পরিষদ বাঘারপাড়া, যশোর।
স্থান	:	উপজেলা পরিষদ সভাকক্ষ, বাঘারপাড়া, যশোর
তারিখ ও সময়	:	২৬ ডিসেম্বর ২০২৪খ্রিঃ, বৃহস্পতিবার, বেলা-১০.৩০ ঘটিকা

উপস্থিত সদস্যদের তালিকা :

০১) জনাব শোভন সরকার, প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা ও উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া, যশোর ।
০২) জনাব মোঃ আসাদুজ্জামান, চেয়ারম্যান, জহুরপুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৩) জনাব মো: সবদুল হোসেন খান, চেয়ারম্যান, বন্দবিলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৪) জনাব মোঃ মুনজুর রশীদ (স্বপন), চেয়ারম্যান, রায়পুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৫) জনাব মোঃ রবিউল ইসলাম, চেয়ারম্যান, ধলগ্রাম ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৬) জনাব মো: ওয়াহিদুর রহমান আবু মোতালেব, চেয়ারম্যান, দোহাকুলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৭) জনাব মো: জাকির হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৮) জনাব মোঃ আমিনুর সরদার, চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৯) জনাব শেখ আরিফুল ইসলাম তিব্বত, চেয়ারম্যান, জামদিয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত সদস্যদের তালিকা :

০১) জনাব বাবলু কুমার সাহা, চেয়ারম্যান, নারিকেলবাড়িয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

উপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ)- (জৈষ্ঠতার ক্রমানুসারে নহে, উপস্থিতির ক্রমানুসারে) :

০১) জনাব মোঃ আশিকুজ্জামান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০২) জনাব মোঃ আবু সুফিয়ান, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বাঘারপাড়া, যশোর ।
০৩) জনাব বিবেকানন্দ রায়, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা(বিআরডিবি), বাঘারপাড়া, যশোর।
০৪) জনাব ইশতিয়াক আহমেদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৫) জনাব আবু হানিফ, উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), বাঘারপাড়া, যশোর ।
০৬) জনাব আশরাফুল আলম, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৭) জনাব সালমা খাতুন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৮) জনাব ইসমত আরা পারভীন, উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৯) ডাঃ এস. এম. মোস্তফা কাইয়ুম, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার পক্ষে, বাঘারপাড়া, যশোর
১০) জনাব সাইয়েদা নাসরিন জাহান, উপজেলা কৃষি কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
১১) মোঃ আব্দুল কদ্দুস, ফরেস্টার, বন বিভাগ, বাঘারপাড়া, যশোর ।
১২) জনাব শাহিদা পারভীন, উপজেলা সমবায় কর্মকর্তার পক্ষে, বাঘারপাড়া, যশোর ।
১৩) জনাব ডাঃ শামছুল আরফিন, উপজেলা প্রাণি-সম্পদ কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ):

০১) উপজেলা মৎস্য কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০২) জনাব মোঃ আরব আলী, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৩) জনাব মোঃ ইকবাল হোসেন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৪) জনাব মোঃ মোত্তালেব হোসেন, ইউডিএফ, বাঘারপাড়া, যশোর ।

সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনাকালে সভায় নিম্নরুপ আলোচ্য বিষয় ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্র: নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	**পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদনঃ** সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী পাওয়া যায়নি ।	সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়	উপজেলা নির্বাহী অফিসার।

০২.	**পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনাঃ** পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের আলোকে যথাযথ পদক্ষেপ গ্রহন করা হয়েছে।	সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে তদারকি ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত হয় ।	১।প্রশাসক, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার
০৩.	**বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনাঃ (**ধারা ২৯ মোতাবেক গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরুপ সুপারিশের আলোকে বিভিন্ন কমিটি গঠন ও উহার টার্মস অব রেফারেন্স অনুমোদন) বর্তমানে পরিষদের ভাইস চেয়ারম্যান অপসারণ হওয়ায় কমিটির সভাপতি পদে দায়িত্বপ্রাপ্ত কেউ না থাকায় স্থায়ী কমিটির সভাকরণ বন্ধ আছে।	পরবর্তীতে সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম বাস্তবায়ন করা হবে।	প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
০৪	**৪. উন্নয়নমূলক** (উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগসমূহের প্রস্তাব/প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন কার্যক্রম পর্যালোচনা ও পরিষদ কর্তৃক বাস্তবায়নকৃত বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম পর্যালোচনা):- **(ক) বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় গৃহিত প্রকল্প অনুমোদনঃ** ২০২৪-২৫ অর্থবছরে উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচী এর আওতায় এডিপি ও উপজেলা উন্নয়ন তহবিল এর অর্থের বিপরীতে দাখিলকৃত প্রকল্পসমূহ উপজেলা প্রকল্প বাছাই কমিটি কর্তৃক যাচাই-বাছাইয়ের মাধ্যমে সুপারিশকৃত পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নকৃত প্রকল্পসমূহ ও প্রকল্প বাস্তবায়ন কমিটি পরিশিষ্ট-ক এবং টেন্ডারের মাধ্যমে বাস্তাবয়নকৃত প্রকল্পসমূহ পরিশিষ্ট-খ আকারে পরিষদের মাসিক সভায় উপস্থাপন করা হয় । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে প্রকল্প বাছাই কমিটির সুপারিশকৃত প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়িত প্রকল্পসমূহ পরিশিষ্ট-ক এবং টেন্ডারের মাধ্যমে বাস্তাবয়নকৃত প্রকল্পসমূহ পরিশিষ্ট-খ অনুমোদন প্রদান করা হয় এবং দ্রুততার সহিত প্রাক্কলন প্রস্তুতপূর্বক কার্যক্রম বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয় । **(খ) হাট-বাজারের ১০% অর্থের প্রকল্প অনুমোদনঃ** ১৪৩০ সণের খাস আদায়ের ১০% এবং ১৪৩১ সণের হাট-বাজার এর ১০% এর বিপরীতে দাখিলকৃত(সকল ইউপি থেকে প্রাপ্ত) প্রকল্পসমূহ হাট বাজার ব্যবস্থাপনা কমিটি কর্তৃক যাচাই-বাছাইপূর্বক প্রকল্প তালিকা পরিশিষ্ট-গ আকারে সভায় উপস্থাপন করা হয় । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে প্রকল্পসমূহ(পরিশিষ্ট-গ) অনুমোদন করা হয়। নীতিমালা অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও প্রকৌশলীকে অনুরোধ জানানো হয় । **(গ) ০৩(তিন)টি রেন্ট্রি গাছ কর্তনঃ** উপজেলা পরিষদের অভ্যন্তরে পূর্বদিকের প্রাচির সংলগ্ন ০২টি রেন্ট্রি গাছ ঝড়ে হেলে গিয়ে প্রাচিরে ফাটল ধরিয়ে পার্শ্ববর্তী রাস্তার দিকে ঝুকে আছে এবং প্রশাসক, উপজেলা পরিষদের বাসভবনের প্রাচির সংলগ্ন ০১টি রেন্ট্রি গাছ ঝড়ে হেলে গিয়ে বাসভবনের প্রাচির ভেঙ্গে পার্শ্ববর্তী বসবাসরত জনসাধারণের বাড়ির উপর ঝুকে আছে, যা যেকোন সময় ভেঙ্গে পড়ে জনজীবনের ক্ষতি সাধন হতে পারে । বর্ণিত গাছ কর্তণের জন্য পার্শ্ববর্তী একজন বীর মুক্তিযোদ্ধা কর্তৃক আবেদন দাখিল করেছে, যা সভায় উপস্থাপন করা হয় । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত গাছসমূহ নিলামে বিক্রয়ের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের উপ-২ শাখা এর ১৫-০৮-২০০৭খ্রিঃ তারিখের উপ-২/৪পি-১২৪/২০০৫/৩৮৪ নং স্মারকে নির্দেশনা মোতাবেক মুল্য নিধারণপূর্বক সুপারিশসহ প্রস্তবনা পরবর্তী সভায় উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী ও ফরেস্টার, বন বিভাগ, বাঘারপাড়াকে অনুরোধ জানানো হয় ।	(ক) বাছাই কমিটির সুপারিশকৃত প্রকল্পসমূহ (পরিশিষ্ট-ক ও পরিশিষ্ট-খ) অনুমোদন করা হয় । (ক)হাট বাজার ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রকল্পসমূহ (পরিশিষ্ট-গ) অনুমোদন করা হয় । (গ) মুল্য নিধারণপূর্বক সুপারিশসহ প্রস্তবনা পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয় ।	(ক)১।প্রশাসক, উপজেলা পরিষদ ওউপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া ২।উপজেলা প্রকৌশলী ৩। সংশ্লিষ্ট সকল (খ)১।প্রশাসক, উপজেলা পরিষদ ওউপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া ২।উপজেলা প্রকৌশলী ৩। সংশ্লিষ্ট সকল ১।উপজেলা প্রকৌশলী ২। ফরেস্টার, বন বিভাগ ৩। সংশ্লিষ্ট কমিটি

	(গ) ছাতিয়ানতলা বাজারে মাল্টিপারপাস শেড সংক্রান্তঃ ছাতিয়ানতলা বাজারে মাল্টিপারপাস শেড নির্মান কাজ শতভাগ সম্পন্ন হলেও এখনও হস্তান্তর হচ্ছে না মর্মে চেয়ারম্যান, দরাজহাট ইউপি সভায় উপস্থাপন করে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনাকালে উপজেলা প্রকৌলশী জানান যে, বিদ্যুৎ সংযোগের আবেদন দেওয়া হয়েছে, কিন্তু সংযোগ প্রদান না করায় হস্তান্তর করা সম্ভব হচ্ছে না । মাল্টিপারপাস শেডে দ্রুততার সহিত বিদ্যুৎ সংযোগ প্রদানের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য ডিজিএম, যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১, জোনাল অফিস, বাঘারপাড়াকে অনুরোধ জানানো হয় । **ঙ) উপজেলা পরিষদের গোরস্থানে পৌরসভা কর্তৃক উন্নয়নের ক্ষেত্রে বিদ্যমান প্রাচিরের পুরাতন ইট নিলাম সংক্রান্ত:** উপজেলা পরিষদের মালিকানাধীন গৌরস্থানের সীমানা প্রাচীর, গেটসহ অন্যান্য কাজের একটি প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের লক্ষ্যে বাঘারপাড়া পৌরসভা কর্তৃক উপজেলা পরিষদের অনাপত্তি সাপেক্ষে প্রকল্প গ্রহণ করেছে। যার প্রেক্ষিতে বিদ্যমান পুরাতন প্রাচীরের ইট নিলাম করা প্রয়োজন সভায় উপস্থাপন করা হয় । এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে প্রকল্পের কাজ শুরু করার স্বার্থে দ্রুততার সহিত নিলাম করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয় ।	(ঘ) মাল্টিপারপাস শেডে দ্রুততার সহিত বিদ্যুৎ সংযোগ প্রদানের জন্য ডিজিএম, যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১, জোনাল অফিস, বাঘারপাড়াকে অনুরোধ জানানো হয়। (ঙ) উপজেলা পরিষদের মালিকানাধীন গৌরস্থানের প্রাচীরে ইট দ্রুততার সহিত নিলাম করার সিদ্ধান্ত গৃহিত হয়।	১। ডিজিএম, জোনাল অফিস,বাঘারপাড়াকে ২।উপজেলা প্রকৌশলী ঙ)১।প্রশাসক, উপজেলা পরিষদ ওউপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া ২।উপজেলা প্রকৌশলী
০৫.	**আর্থিকঃ (উপজেলা পরিষদের আয়-ব্যয় সংশ্লিষ্ট প্রস্তাব)** **(ক) উপজলো পরিষদের রাজস্ব তহবিলের আওতায়** (মন্ত্রণালয়ের নির্দেশিত খাতওয়ারী) **পূর্ববর্তী মাসের ব্যয় অনুমোদনঃ** উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় আপ্যায়ন ও আনুষাঙ্গিকসহ (মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত ব্যবহার নির্দেশিকা অনুযায়ী) নভেম্বর-২০২৪ মাসে ব্যয়কৃত অর্থের হিসাব বিবরণী পরিশিষ্ট-ক সভায় উপস্থাপন করা হয় । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ত্তোর অনুমোদন প্রদান করা হয় ।	(ক) পরিশিষ্ট-ক আকারে বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ত্তোর অনুমোদন প্রদান করা হয়।	(ক) ১। প্রশাসক, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার
০৬.	**অপারেশনাল (ন্যাস্তকৃত বিষয়াবলি/ ন্যাস্তকৃত ও প্রেষণে নিয়োজিত কর্মকর্তা - কর্মচারীসহ পরিষদের সকল কর্মচারী সংক্রান্ত বিষয়াদিঃ)** নাই		
০৭.	**সমন্বয়ঃ (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)**		
ক. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর:	উপজেলা প্রকৌশলীর পক্ষে সভায় জানান যে, দাপ্তরিক সকল কর্মকান্ড সুষ্ঠভাবে চলমান আছে । তিনি আরো জানান যে, এলজিইডির রাস্তা হতে ঘের/পুকুর খননের ক্ষেত্রে সর্বনিম্ন ১০ফিট দুরত্ব রাখতে হবে। এছাড়া ভারী যানবাহন বা অতিরিক্ত লোড যানবাহন এলজিইডি এর রাস্তায় চলাচল যেন না করতে পারে সেদিকে লক্ষ্য রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে সজাগ দৃষ্টি রাখার আহবান জানান ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় ।	উপজেলা প্রকৌশলী ও ইউপি চেয়ারম্যান(সকল)
খ.স্বাস্থ্য বিভাগ:	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপেস্নক্স এর বহিঃ বিভাগ থেকে ৮৯১২ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া জরুরী বিভাগ থেকে ১৪৮১ জন রোগীকে প্রথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে এবং ৮৪৬ জন রোগীকে আন্তঃবিভাগ ভর্তি করে চিকিৎসা প্রদান করা হয়েছে। স্বাভাবিক ডেলিভারী ৩৪ জন, ১৩ জন সিজারিয়ান করা হয়। ১৩০ জন রোগীকে ভায়া পরীক্ষা করা হইয়াছে। ২৩টি কমিউনিটি ক্লিনিকে সর্বমোট ২৩৮৭৩ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া ৪৯৫ জন রোগীকে জটিলকতার জন্য অন্যত্র রেফার করা হয়েছে। ভিটাবল্যা উপ-স্বাস্থ্য কেন্দ্র থেকে মোট ১৬৩৩ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। ইপিআই কার্যক্রম চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা।

গ.কৃষি বিভাগ:	উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ডিসেম্বর মাসে অনুষ্ঠিত উপজেলা মাসিক সভায় উপজেলা কৃষি অফিসার জানান যে, অত্র উপজেলায় রবি মৌসুমে বোরো ধানের বীজতলা-৭৫০ হেক্টর, সরিষা-২৭৪০ হেক্টর , মসুর-২৯০ হেক্টর, ভুট্টা-৪৩ হেক্টর, গম-৩২ হেক্টর, আলু-৩৭ হেক্টর, সবজি- ৭৪২ হেক্টর, জমিতে আবাদ হয়েছে । বোরো ধানের আবাদ শুরু হয়েছে। ফসলের পরিচর্যা, রোগ পোকা দমনসহ সার্বিক পরামর্শ কৃষকদের দেওয়ার জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাগণ সার্বক্ষণিক মনিটরিং করছেন। চলতি মাসে ইউরিয়া-৪৬৭ মেঃটন, টিএসপি ২০মেঃ টন, ডিএপি-৬৩ মেঃ টন এবং এমওপি ১৭০ মেঃ টন মজুদ রয়েছে। আসন্ন রবি মৌসুমের জন্য সারের মনিটরিং কার্যক্রম জোরদার করা হয়েছে। প্রদর্শনী স্থাপন ,মাঠ দিবস, কৃষক প্রশিক্ষণ সহ দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি এবং মাঠ পর্যায়ে নিবিড় মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা ।
ঘ.মৎস্য বিভাগ:	উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এবং কার্যপত্র প্রদান না করায় তাঁর দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি ।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়	উপজেলা মৎস্য কর্মকর্তা।
ঙ.প্রাণি সম্পদ বিভাগ:	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, ডিসেম্বর-২৪ মাসে ১। কৃত্রিম প্রজনন-ক. তরল সিমেন দ্বারা অর্জন- ২১০, খ. হিমায়িত সিমেন দ্বারা অর্জন- ১০১০, গ. সংকর জাতের বাছুর উৎপাদন- ৫২৬, ২। গবাদিপশু ও হাসমুরগির টিকা প্রদান ক. গবাদিপশুর টিকা প্রদান- ২৪৬০ মাত্রা, খ. হাসমুরগির টিকা প্রদান- ৪৭০০০ মাত্রা ৩.গবাদিপশুর চিকিৎসা প্রদান- ২৫৯৮টি, ৪.হাসমুরগির চিকিৎসা প্রদান- ৮৫৫৯ টি, ৫.পোষাপ্রাণির চিকিৎসা প্রদান- ১৪ টি, ৬.উঠান বৈঠক আয়োজন সংখ্যা- ০৫ টি, ৭.খামার পরিদর্শন- ১০ টি, ৮.দুধ উৎপাদন- ২৫৬৪.২৮টন, ৯.মাংস উৎপাদন- ৮৮২.৪ মে.টন, ১০.ডিম উৎপাদন- ৪১.৬৭ লক্ষ **সারাদেশ ব্যাপি প্রণিসম্পদ ডিজিটাল সার্ভে কার্যক্রম চলমান।, ** সরকারী এনটিআর (নন ট্যাক্স রেভিনিউ আয়)। ক. টিকাবীজ বিক্রয়- ১৪৭৫০/-, খ.কৃত্রিম প্রজনন- ৮৬২৫০/-।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় ।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
চ.সমাজসেবা দপ্তর:	উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থবছরে দ্বিতীয় কিস্তি সকল ভাতার পেরোল ৯৯.৩০% পাঠানো হয়েছে। নিয়মিত ব্যাংক এশিয়ার সাথে যোগাযোগ রাখা হচ্ছে সঠিকভাবে ভাতা প্রদানের জন্য।অনলাইনে প্রতিবন্ধী ভাতার আবেদন পড়েছে ১১৯১ টি। পল্লী সমাজসেবা কাযক্রম(আর এস এস) সুদ মুক্ত ক্ষুদ্র ঋণ আদায়- ৬,৬১,৫০০/-(ছয় লক্ষ একষাট্রি হাজার পাঁচশত টাকা)মাত্র। অন্যান্য কার্যক্রম চলমান।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা
ছ.পরিবার পরিকল্পনা বিভাগ:	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এবং কার্যপত্র প্রদান না করায় তাঁর দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি ।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
জ.প্রাথমিক শিক্ষা বিভাগ:	উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যায় যে, দাপ্তরিক সকল নিয়মিত কার্যক্রম যথাযথভাবে চলছে। কার্যপত্র প্রদান না করায় তাঁর দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি ।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা শিক্ষা কর্মকর্তা
ঝ. মাধ্যমিক শিক্ষা বিভাগ:	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক সকল নিয়মিত কার্যক্রম যথাযথভাবে চলছে। কার্যপত্র প্রদান না করায় তাঁর দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি ।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া
ঞ.পল্লী উন্নয়ন বিভাগ:	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় সভায় জানান যে, দাপ্তরিক সকল নিয়মিত কার্যক্রম যথাযথভাবে চলছে। কার্যপত্র প্রদান না করায় তাঁর দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি ।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয় ।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

ট. যুব উন্নয়ন দপ্তর:	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এবং কার্যপত্র প্রদান না করায় তাঁর দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ঠ. সমবায় বিভাগ :	উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরে অডিট যোগ্য কেন্দ্রীয় সমিতি ২টি ও প্রাথমিক সমিতি ৭১টি অডিট বরাদ্দ প্রদান করা হয়েছে। চলতি মাস পর্যন্ত কেন্দ্রীয় সমিতি ২টি ও ৪৪ টি প্রাথমিক সমবায় সমিতি অডিট সম্পাদন করা হয়েছে। ঋন আদায় কার্যক্রম যথাযথভাবে চলমান আছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা সমবায় কর্মকর্তা
ড. মহিলা বিষয়ক দপ্তর:	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানা যে, **ভিডব্লিউবি কার্যক্রমঃ** বাঘারপাড়া উপজেলায় ভিডব্লিউবি উপকারভোগীর সংখ্যা ২১৫২ জন। ডিসেম্বর/২০২৪ মাসের ডিও প্রদান করা হয়েছে। ২০২৫-২০২৬ ভিডব্লিউবি চক্রের উপকারভোগী বরাদ্দ ২১৫২ জন। নির্বাচনের কার্যক্রম চলমান আছে। **মা ও শিশু সহায়তা কর্মসূচিঃ** মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ডিসেম্বর/২০২৪ মাসের উপকারভোগী নির্বাচন কার্যক্রম চলমান আছে। **কিশোর কিশোরী ক্লাবঃ** বাঘারপাড়া উপজেলায় ১০ (দশ) টি কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। **উঠান বৈঠকঃ** বাল্য বিবাহ প্রতিরোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, মানব পাচার প্রতিরোধ, যৌতুক নিরোধ ও অটিজম বিষয়ে উঠানবৈঠক ও সচেতনতামূলক সভা চলমান রয়েছে। নারী ওশিশু নির্যাতন প্রতিরোধে আইনী সহায়তা কার্যক্রম চলমান রয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা।
ঢ. ত্রাণ বিভাগ:	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে। খুব শীঘ্রই জহুরপুর ইউনিয়নের একটি ০১ কি.মি. রাস্তা টেন্ডার করা হবে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
ণ.জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে গভীর নলকূপের বরাদ্দ পাওয়া গেছে। গভীর নলকূপ স্থাপনের ক্ষেত্রে নির্ধারীত সময়সীমার মধ্যে যেসকল ব্যক্তিবর্গ আবেদন করেছে সেসকল আবেদন মাঠ পর্যায়ে সরেজমিনে যাচাই-বাছাই চলছে। যাচাই-বাছাই শেষে চূড়ান্ত অনুমোদন সাপেক্ষে কার্যক্রম শুরু করা হবে। এছাড়া দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে পরিচালিত হচ্ছে।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)
ত. বন বিভাগ	ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর
০৯.বিবিধ:	১।চেয়ারম্যান, জামদিয়া ইউপি জানান যে, পদ্মা রেল সংযোগ প্রকল্পের মাধ্যমে বাঘারপাড়া উপজেলার জামদিয়া ও বাসুয়াড়ী ইউনিয়নের উপর দিয়ে রেললাইন নির্মান করা হয়েছে। সেক্ষেত্রে জামদিয়া ইউনিয়নের ভিটাবল্যা মৌজায় স্থানে জামদিয়া নামক স্টেশন এবং বাসুয়াড়ী ইউনিয়নের রাধারনগর মৌজায় পদ্মবিলা(সদরের মধ্যে একটি গ্রামের নামে নামকরণ) নামক জংশন স্থাপন করা হয়েছে। বর্তমানে উক্ত রেললাইনে রেল চলাচল শুরু হলেও বাঘারপাড়া উপজেলার দুটি স্টেশনের একটিতেও বিরতীর ব্যবস্থা করা হয়নি, যা খুবই দুঃখ জনক। এ বিষয়ে বিস্তারিত আলোচনাকালে সকল জনপ্রতিনিধীগণ ঐক্যমতের ভিত্তিতে জানান যে, বাঘারপাড়া উপজেলা পরিষদের মধ্যে স্থাপিত স্টেশনের নামকরণ সদর উপজেলার পদ্মবিলা গ্রামের নামে করা হয়েছে সেটা বাঘারপাড়ার জন্য একটি লজ্জাজনক অবস্থা, সেজন্য উক্ত নাম পরিবর্তন পূর্বক **"বাঘারপাড়া জংশন"** করা প্রয়োজন। এছাড়া বাঘারপাড়ার মধ্যে স্থাপিত স্টেশনের ট্রেনের যাত্রাবিরতি থাকতে হবে। এসকল বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়।	(১) রাধারনগর মৌজায় স্থাপিত পদ্মবিলা জংশনের নাম পরিবর্তন পূর্বক **"বাঘারপাড়া জংশন"** করার এবং বাঘারপাড়া উপজেলাধীন স্টেশনসমূহে ট্রেনের যাত্রাবিরতি রাখার প্রস্তবনা প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।	(১) প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া (২) সহকারী কমিশনার(ভূমি)

অতঃপর অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৯/১২/২৪

শোভন সরকার
সভাপতি
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।

উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০২.২০২৪-৭২ **তারিখঃ ২৯- ১২-২০২৪ খ্রিঃ ।**

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, খুলনা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ,খুলনা ।
৪. জেলা প্রশাসক, যশোর।
৫. উপ-পরিচালক,স্থানীয় সরকার, যশোর ।
৬. প্রশাসক, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৭. প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা, যশোর।
৮. উপজেলা .... কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
৯.চেয়ারম্যান,...ইউনিয়ন পরিষদ,বাঘারপাড়া,যশোর।
১০. অফিস কপি ।

২৯/১২/২৪
শোভন সরকার
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।

পরিশিষ্ঠ-খ

উপজেলা পরিষদের নিয়মিত মাসিক আয়-ব্যয়

নভেম্বর-২০২৪

যে সভায় উপস্থাপিতঃ- ডিসেম্বর-২০২৪

ক্রমিক	বিবরণ	বিলের পরিমান	চেকনং ও তারিখ
১.	মোঃ খলিল হোসেন, মালী, উপজেলা পরিষদকে অক্টোবর -২০২৪ মাসের দৈনিক মুজুরী প্রদান	=১৪৮৫০/-	চেক নং ৫৩৪৩০২৩ তাং ০৩.১১.২০২৪
২.	জীবন, পরিচ্ছন্নতাকর্মী, উপজেলা পরিষদকে অক্টোবর-২০২৪ মাসের দৈনিক মুজুরী প্রদান	=১৪৮৫০/-	চেক নং ৫৩৪৩০২৪ তাং ০৩.১১.২০২৪
৩.	বিশ্বাস কম্পিউটার, প্রোপাইটার, রিয়াজ বিশ্বাস, জেস টাওয়া, যশোরকে ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপন, কাজের বিল প্রদান	=৯৪৬৩৯/-	চেক নং ৫৩৪৩০২৫ তাং ০৬.১১.২০২৪
৪.	ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপন বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান	=১৬৭০১/-	চেক নং ৫৩৪৩০২৬ তাং ০৬.১১.২০২৪
৫.	বিশ্বাস কম্পিউটার, প্রোপাইটার, রিয়াজ বিশ্বাস, জেস টাওয়া, যশোরকে প্রশাসক, উপজেলা পরিষদের জন্য ব্রান্ড ডেস্কটপ ক্রয় কাজের বিল প্রদান	=৯৯৩০০/-	চেক নং ৫৩৪৩০২৭ তাং ০৬.১১.২০২৪
৬. .	ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী ব্রান্ড ডেস্কটপ ক্রয় বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান	=১৪৮৯৫/-	চেক নং ৫৩৪৩০২৮ তাং ০৬.১১.২০২৪
৭.	আশিষ কুমার, প্রোপাইটার, সততা এন্টার প্রাইজকে পরিষদ কমপ্লেক্স ভবনের ইলেকট্রিক মালামাল ও ইউএনও এর রুমের ফ্যান ক্রয় কাজের বিল প্রদান	=২৬০৪৩/-	চেক নং ৫৩৪৩০২৯ তাং ০৬.১১.২০২৪
৮.	ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী ইলেকট্রিক বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান	=৪৫৯৬/-	চেক নং ৫৩৪৩০৩০ তাং ০৬.১১.২০২৪
৯.	মোঃ মুর্শিদ হোসেন, প্রোপাইটার, আবু সালমান স্যানেটারিকে যমুনা-১ ভবনের মেরামত ও রান্নাঘরে সিংক লাগানো কাজের বিল প্রদান	=১৭৭৭৭/-	চেক নং ৫৩৪৩০৩১ তাং ১২.১১.২০২৪
১০.	মোঃ মাসুদ, মিস্ত্রি, সাং- মহিরণকে প্রশাসকের ভবনের আংশিক রংকরণ ও পরিষদ ক্যান্টিন সার্টার লাগানো কাজের বিল প্রদান	=৩১৯০০/-	চেক নং ৫৩৪৩০৩২ তাং ১২.১১.২০২৪
১১.	ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী ০২(দুই)টি মেরামত/সংস্কার বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান	=৮৭৬৭/-	চেক নং ৫৩৪৩০৩৩ তাং ১২.১১.২০২৪
১২.	কিংকর বিশ্বাস, হিসাব সহকারী, ইউএনও অফিস কে প্রিন্টার মেরামত কাজের বিল প্রদান	=৭৩১০/-	চেক নং ৫৩৪৩০৩৪ তাং ১২.১১.২০২৪
১৩.	ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী প্রিন্টার মেরামত বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান	=১২৯০/-	চেক নং ৫৩৪৩০৩৫ তাং ১২.১১.২০২৪
১৪.	ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে উপজেলা পরিষদের কর্মচারীদের নভেম্বর-২৪ মাসের ভবিষ্য তহবিলের অর্থ জমার জন্য প্রদান	=৫৮৪২/-	চেক নং ৫৩৪৩০৩৬ তাং ২৪.১১.২০২৪
১৫.	কিংকর বিশ্বাস, হিসাব সহকারী, ইউএনও অফিস কে নভেম্বর-২০২৪ মাসের আপ্যায়ন মাসের আপ্যায়ন বিল প্রদান	=২৭০০০/-	চেক নং ৫৩৪৩০৩৭ তাং ২৮.১১.২০২৪
১৬.	ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী আপ্যায়ন বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান	=৩০০০/-	চেক নং ৫৩৪৩০৩৮ তাং ২৮.১১.২০২৪
১৭.	মোঃ মাসুদ, মিস্ত্রি, সাং- মহিরণকে উপজেলা পরিষদ মিলনায়তন রংকরণ ও টয়লেট মেরামত কাজের বিল প্রদান	=২১১৯০/-	চেক নং ৫৩৪৩০৩৯ তাং ২৮.১১.২০২৪
১৮.	ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে মেরামত/সংস্কার বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান	=৩৭৪০/-	চেক নং ৫৩৪৩০৪০ তাং ২৮.১১.২০২৪
১৯	জনাব মোঃ পলাশ হোসেন গাড়ী চালককে যশোর-ঘ-১১-০০৫৬ এর গাড়ী সার্ভিসিং কাজের বিল প্রদান	=৬১৫০/-	চেক নং ৫৩৪৩০৪১ তাং ২৮.১১.২০২৪
২০.	ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে গাড়ী সার্ভিসিং কাজের বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান	=১৩৫০/-	চেক নং ৫৩৪৩০৪২ তাং ২৮.১১.২০২৪

২/১২/২৪

শোভন সরকার
প্রশাসক
উপজেলা পরিষদ